কলেজ কোড : ৩৩০২১

BCMC COLLEGE OF ENGINEERING & TECHNOLOGY

বিসিএমসি প্রকৌশল ও প্রযুক্তি মহাবিদ্যালয়

ঢাকা রোড, বিসিএমসি কলেজ পাড়া, যশোর-৭৪০০, বাংলাদেশ। ফোন ঃ পিএবিএক্স +৮৮০-৪২১-৬২৩৪৭, ৬২৩৪৮, ৬২৪৮০, ৬২৪৮১ ফ্যাক্স ঃ +৮৮০-৪২১-৬৩৮৪৮
মোবাইল ঃ ০১৭১১৮৪৪৮৮১, ০১৭১১৮৪৪৮৮২, ০১৭১২৯১০২৫৫, ০১৭১১০৬৭৬৮৭, ১৭৫২২৬০৪০৮, ০১৭৫২২৬০৪০৯ ই-মেল ঃ admin@bcmc.edu.bd & bcmccrm@yahoo.com ওয়েব ঃ www.bcmc.edu.bd

নোটিশ নং : ৫৮/২০১৬ তারিখঃ ০৩ আগস্ট ২০১৬

নোটিশ

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল/ কনস্ট্রাকশন(সিভিল)/ ইলেকট্রিক্যাল/ ইলেকট্রনিক্স/ মেকানিক্যাল/কম্পিউটার/ টেক্সটাইল /গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং/ মেরিন/ কেমিক্যাল), ডিপ্লোমা ইন ল্যাবরেটরি মেডিকেল (প্যাথলজি) কোর্সে ১ম সেমিস্টারে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের জ্ঞাতার্থে ঃ

ক) আগমন ও ক্লাস শুরু

- কলেজে আগমন ঃ ১৩ আগস্ট ২০১৬ শনিবার সকাল ৯টা হতে দুপুর ১২টার মধ্যে কলেজে আসতে হবে। ঐ দিন কোন ক্লাস হবে না। ছাত্র-ছাত্রীরা নিম্নোক্ত কাগজপত্র নির্ধারিত অফিস/কর্মকর্তার নিকট হতে সংগ্রহ করবেন ঃ

কাগজপত্রের বিবরণ		সংগ্রহের স্থান
১. ক্লাস সূচি সম্বলিত এই নোটিশ	ঃ	প্রশাসন, ভর্তি ও নিবন্ধন বিভাগ
২. শিক্ষক-কর্মকর্তাদের মোবাইল নম্বর সম্বলিত তালিকা	ঃ	প্রশাসন, ভর্তি ও নিবন্ধন বিভাগ
৩. গাইড টিচারের তালিকা	ঃ	প্রশাসন, ভর্তি ও নিবন্ধন বিভাগ
৪. শিক্ষা সহায়ক ক্লাবের সহযোগী সদস্য হবার ফরম	ঃ	প্রশাসন, ভর্তি ও নিবন্ধন বিভাগ
৫. ক্লাস রুটিন	ঃ	সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান

- ক্লাস শুরু ঃ ১৪ আগস্ট ২০১৬ রবিবার ক্লাস সূচি ও ক্লাস রুটিনে উল্লেখিত সময়ে নির্ধারিত ক্লাস রুমে ক্লাস শুরু হবে। ক্লাস রুমের কোন সাময়িক পরিবর্তন থাকলে সংশ্লিষ্ট ক্যাম্পাস কো-অর্ডিনেটর তা অবহিত করবেন।

খ) ক্লাস সূচি

ক্রমিক নং	শিক্ষাক্রম	ক্লাস শুরুর সময়	ক্লাস রুম
১	ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং সেকশন-এ (রোল নং- সিটি ১৬১০১ হতে সিটি ১৬১৫০)	সকাল ৮টা	১ম ক্যাম্পাস, রুম নং ৫১২
২	ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং সেকশন-বি (রোল নং- সিটি ১৬১৫১ হতে সিটি ১৬২০০)	দুপুর ১২ টা ৩০ মিনিট	১ম ক্যাম্পাস, রুম নং ৫১২
৩	ডিপ্লোমা ইন কনস্ট্রাকশন (সিভিল) ইঞ্জিনিয়ারিং	সকাল ৮টা	২য় ক্যাম্পাস, রুম নং ২০২
৪	ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং সেকশন-এ (রোল নং- ইটি ১৬১০১ হতে ইটি ১৬১৫০)	সকাল ৮টা	১ম ক্যাম্পাস, রুম নং ৫১৪
৫	ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং সেকশন-বি (রোল নং- ইটি ১৬১৫১ হতে ইটি ১৬২০০)	দুপুর ১২ টা ৩০ মিনিট	১ম ক্যাম্পাস, রুম নং ৫১৪
৬	ডিপ্লোমা ইন ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	সকাল ৮টা	২য় ক্যাম্পাস, রুম নং ৪০৫
৭	ডিপ্লোমা ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	সকাল ৮টা	২য় ক্যাম্পাস, রুম নং ২০৩
৮	ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং সেকশন-এ (রোল নং- সিএমটি ১৬১০১ হতে সিএমটি ১৬১৫৫)	সকাল ৮টা	১ম ক্যাম্পাস, রুম নং ৫০৬
৯	ডিপ্লোমা ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং সেকশন-বি (রোল নং- সিএমটি ১৬১৫৬ হতে সিএমটি ১৬২১৫)	দুপুর ১২ টা ৩০ মিনিট	১ম ক্যাম্পাস, রুম নং ৫০৬
১০	ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং সেকশন-এ (রোল নং- টিটি ১৬১০১ হতে টিটি ১৬১৫৫)	সকাল ৮টা	১ম ক্যাম্পাস, রুম নং ৫১৬
১১	ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং সেকশন-বি (রোল নং- টিটি ১৬১৫৬ হতে টিটি ১৬২১০)	দুপুর ১২ টা ৩০ মিনিট	১ম ক্যাম্পাস, রুম নং ৫১৬
১২	ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ণ মেকিং টেকনোলজি	দুপুর ১২ টা ৩০ মিনিট	২য় ক্যাম্পাস, রুম নং ২০৫
১৩	ডিপ্লোমা ইন মেরিন ইঞ্জিনিয়ারিং	সকাল ৮টা	১ম ক্যাম্পাস, রুম নং ৫০১
১৪	ডিপ্লোমা ইন কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং	সকাল ৮টা	২য় ক্যাম্পাস, রুম নং ৪০২
১৫	ডিপ্লোমা ইন ল্যাবরেটরি মেডিকেল টেকনোলজি (প্যাথলজি)	দুপুর ১২ টা ৩০ মিনিট	২য় ক্যাম্পাস, রুম নং ২০২

গ) আবাসিক সুবিধা

- যে সকল ছাত্র-ছাত্রীর আবাসিক সুবিধার প্রয়োজন তাদের ছাত্র কল্যাণ কর্মকর্তা জনাব সুব্রত সুবন আচার্য্য এর সাথে যোগাযোগ করতে হবে। ছাত্র কল্যাণ কর্মকর্তার মোবাইল ফোন নম্বর ০১৭৫২-২৬০৪০০।

ঘ) কলেজ বাসে বিনামূল্যে ছাত্র-ছাত্রী পরিবহন

- কলেজের ছাত্র-ছাত্রীদের নির্ধারিত রুটের নির্দিষ্ট স্থান হতে কলেজে বিনামূল্যে আসা-যাওয়ার জন্য কলেজের ০২টি বাস চালু রয়েছে। তাছাড়াও শুক্রবার ও ছুটির দিন বিনামূল্যে ছাত্র-ছাত্রীদের বিনোদন ভ্রমণে কোন ঐতিহাসিক বা বিনোদন স্পটে নিয়ে যাওয়া হয়। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য নিম্নোক্ত শিক্ষকদের সাথে যোগাযোগ করতে হবে ঃ

ক্রমিক নং	নাম	পদবী	মোবাইল ফোন নম্বর
১	প্রকৌশলী মো. শাহীন আকতার	সহযোগী অধ্যাপক ও রিক্রেয়েশন অফিসার	০১৭১১-১২৫২২৩
২	প্রকৌশলী আদনান হাসান	লেকচারার ও সহকারী রিক্রেয়েশন অফিসার	০১৭৩৪-০৫৫১৬৮

ঙ) শিক্ষা সফর

- প্রয়োজন অনুযায়ী ছাত্র-ছাত্রীদের বিনামূল্যে কলেজর বাসে শিক্ষা সফরে নেয়া হয়।

চ) কলেজ ইউনিফর্ম

- ক্লাস শুরু তারিখ হতে ০১(এক) সপ্তাহ অর্থাৎ ২০ আগস্ট ২০১৬ তারিখের মধ্যে ০২(দুই) সেট কলেজ ইউনিফর্ম তৈরী করতে হবে।
- পূর্ণাঙ্গ কলেজ ইউনিফর্ম পরিধান ছাড়া কলেজে আসা নিষিদ্ধ।

ছ) রেজিস্ট্রেশন, আইডেনটিটি ও লাইব্রেরি কার্ডের জন্য ছবি জমাদান

- রেজিস্ট্রেশন, আইডেনটিটি ও লাইব্রেরি কার্ডের জন্য ক্লাস শুরুর তারিখ হতে ১০ (দশ) দিন অর্থাৎ ২৩ আগস্ট ২০১৬ তারিখের মধ্যে কলেজ ইউনিফর্ম পরিহিত ৬ (ছয়) কপি রঙিন ৩৮ মিমি × ৩৮ মিমি সাইজের ছবি ডেপুটি রেজিস্ট্রার জনাব মো. আসাদুজ্জামান (মোবাইল ফোন নং ০১৭১২-৯১০২৫৫) অথবা সহকারী রেজিস্ট্রার জনাব মো. আব্দুল্লাহ আল মামুন (মোবাইল ফোন নং ০১৭৫২-২৬০৪০৮) এর কাছে জমা দিতে হবে। ১ম ক্যাম্পাসে অবস্থিত বিসিএসসি ডিজিটাল স্টুডিওতে ছবি তোলা যাবে।

জ) রেজিস্ট্রেশনের জন্য মূল মার্কশীট জমাদান

- যে সকল ছাত্র-ছাত্রী এখনও তাদের মূল মার্কশীট কলেজে জমা দেননি তাদের ক্লাস শুরুর তারিখ হতে ০৭ (সাত) দিন অর্থাৎ ২০ আগস্ট ২০১৬ তারিখের মধ্যে তা জমা দিতে হবে। অন্যথায় তাদের রেজিস্ট্রেশন হবে না এবং কলেজ কর্তৃপক্ষ এর দায়ভার গ্রহণ করবে না।

ঝ) পাঠ্য বই

- কোন বিষয়ের জন্য নির্ধারিত কোন বই উল্লেখ করে বুকলিস্ট দেয়া হবে না। প্রতিটি বিষয়েই বিভিন্ন প্রকাশনা সংস্থার বই বাজারে পাওয়া যায়। সংশ্লিষ্ট শিক্ষকের সাথে আলাপ করে বাজার হতে বই কিনতে হবে।

ঞ) ক্যাম্পাস কো-অর্ডিনেটর

- ক্যাম্পাস কো-অর্ডিনেটর ও সহকারী ক্যাম্পাস কো-অর্ডিনেটরদের নাম ও মোবাইল ফোন নম্বর অপর পৃষ্ঠায়ঃ

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

ক্রমিক নং	নাম	পদবী	মোবাইল ফোন নম্বর
১	জনাব মো. আফজাল হোসেন	ক্যাম্পাস কো-অর্ডিনেটর, ক্যাম্পাস-১	০১৭১৫-৩৬৮৪৪৬
২	প্রকৌশলী এস. এম মিরাজউদ্দীন	সহকারী ক্যাম্পাস কো-অর্ডিনেটর, ক্যাম্পাস-১	০১৭১৯-২২৪৬৭৩
৩	প্রকৌশলী রাকেশ স্বরুপ মণ্ডল	ক্যাম্পাস কো-অর্ডিনেটর, ক্যাম্পাস-২	০১৯১২-৯০৯৯৪২
৪	প্রকৌশলী মো. বেলাল হোসেন	সহকারী ক্যাম্পাস কো-অর্ডিনেটর, ক্যাম্পাস-২	০১৭৬৮-৯৬৭০১৬
৫	জনাব সুভাষ চন্দ্র বিশ্বাস	ক্যাম্পাস কো-অর্ডিনেটর, ক্যাম্পাস-৩	০১৭১৪-৯৬৩০১১
৬	জনাব মো. আল-ইমরান হোসেন	সহকারী ক্যাম্পাস কো-অর্ডিনেটর, ক্যাম্পাস-৩	০১৯২৫-৪২৩৭৩৭

ট) কলেজ বেতন পরিশোধ

- ক্লাস শুরুর তারিখ হতে ০৭ (সাত) দিন অর্থাৎ ২০ আগস্ট ২০১৬ তারিখের মধ্যে ১ম সেমিস্টারের সেমিস্টার উন্নয়ন ফি এবং জুলাই ও আগস্ট ০২ মাসের মাসিক বেতন পরিশোধ করতে হবে।

ঠ) ১০% ছাড়ে কোর্স ফি পরিশোধের সুযোগ

- পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ১০% ছাড়ে অবশিস্ট সম্পূর্ন কোর্স ফি পরিশোধের সুযোগ অব্যাহত থাকবে। যে কোন ছাত্র-ছাত্রী সর্বোচ্চ ২ (দুই) টি কিস্তিতে (১ম কিস্তিতে কমপক্ষে ৫০%) ৩ (তিন) মাসের মধ্যে অবশিষ্ট সম্পূর্ন কোর্স ফি পরিশোধ করলে তিনি এই সুবিধা পাবেন। ১ম কিস্তির অর্থ পরিশোধের পর ২য় কিস্তির অর্থ ৩ (তিন) মাসের মধ্যে পরিশোধে ব্যর্থ হলে তিনি এই সুবিধা পাবেন না এবং তার জমাকৃত অর্থ স্বাভাবিক নিয়মে সেমিস্টার উন্নয়ন ফি ও মাসিক বেতন হিসেবে সমন্বয় করা হবে।

ড) ক্লাসে উপস্থিতি

- **কোন শিক্ষার্থী ন্যূনতম ৮০% ক্লাসে উপস্থিত না থাকলে পরীক্ষার সময় বিষয় প্রতি (তাত্ত্বিক ও ব্যবহারিক পৃথকভাবে) ১০০/- টাকা হারে জরিমানা করা হবে। কর্তৃপক্ষকে অভিভাবকের স্বাক্ষরসহ লিখিতভাবে অবহিত না করে যদি কোন শিক্ষার্থী একটানা ১০দিনের বেশি ক্লাসে অনুপস্থিত থাকেন তবে তার নাম সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের নিকট পাঠিয়ে দেয়া হবে।**

ঢ) মেধা ও সাধারণ বৃত্তি

- প্রতি সেমিস্টারে শিক্ষার্থীদের মাসিক ১০০০/- টাকা হারে মেধাবৃত্তি ও ৮০০/- টাকা হারে সাধারণ বৃত্তি দেয়া হয়। এই বৃত্তি প্রাপ্তির জন্য ন্যূনতম নির্ধারিত জিপিএ ও ক্লাসে ন্যূনতম ৯০% উপস্থিতির প্রয়োজন হয়। বিস্তারিত তথ্য ভর্তি প্রসপেক্টাস ও কলেজের ওয়েব সাইটে দেখা যাবে।

ণ) শ্রেষ্ঠ ছাত্র বৃত্তি

- শিক্ষার্থীর ক্লাসে ও শিক্ষা সহায়ক ক্লাবে উপস্থিতি, পরীক্ষার ফলাফল, শিক্ষা সহায়ক কর্মকান্ডে পারদর্শিতা এবং আচরণের উপর ভিত্তি করে প্রতি বছর ১ জন শিক্ষার্থীকে Student of the year বা শ্রেষ্ঠ ছাত্র হিসেবে নির্বাচিত করা হয়। শ্রেষ্ঠ ছাত্রকে নগদ ১৫ হাজার টাকা, গোল্ড মেডেল, ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রদান করা হয়।

ত) শিক্ষা সহায়ক কার্যক্রম

- বিসিএমসিতে শিক্ষা সহায়ক কার্যক্রমের আওতায় সম্পূর্ন বিনামূল্যে ১৯ টি ক্লাব পরিচালিত হয়। এই সকল ক্লাবে ইংরেজি, স্প্যানিশ, কোরিয়ান, এ্যারাবিক, জাপানী, জার্মান ও চাইনিজ ভাষা, ড্রাইভিং, কম্পিউটার, সঙ্গীত, নৃত্য, সঙ্গীতযন্ত্র, বিতর্ক, সাংবাদিকতা, মেডিটেশন, জুডো-কারাতি, ক্যাডেটিং প্রভৃতি বিনামূল্যে প্রশিক্ষণ দেয়া হয়। শীতকালীন সেমিস্টারে (সেপ্টেম্বর হতে ফেব্রুয়ারী) ক্লাবের সদস্য হবার জন্য নির্ধারিত ফরম পূরণ করে ১৮ আগস্ট ২০১৬ তারিখের মধ্যে জমা দিতে হবে। ফরমের সাথে কলেজ ইউনিফর্ম পরিহিত ছবি থাকতে হবে।

থ) শিক্ষক কর্মকর্তাদের তালিকা

- বিসিএমসি'র শিক্ষক-কর্মকর্তাদের তালিকা প্রশাসন, ভর্তি ও নিবন্ধন বিভাগ হতে সংগ্রহ করতে হবে।

দ) বিসি-এমসি ক্যাম্পাস

- বিসিএমসি'র কর্মকান্ড সম্বলিত বিসিএমসি ক্যাম্পাস প্রতিমাসে নিয়মিত প্রকাশিত হয়। ছাত্র-ছাত্রীরা প্রশাসন, ভর্তি ও নিবন্ধন বিভাগ হতে প্রতিমাসে বিনামূল্যে এই পত্রিকা সংগ্রহ করতে পারবেন।

ধ) গাইড টিচার

- প্রত্যেক ছাত্র-ছাত্রীকে একজন গাইড টিচারের তত্বাবধানে থাকতে হয়। সংশ্লিষ্ট গাইড টিচার উক্ত ছাত্র-ছাত্রীর দেখাশুনার দায়িত্ব পালন করেন। গাইড টিচারের নাম ও মোবাইল নম্বর সম্বলিত নোটিশের কপি প্রশাসন, ভর্তি ও নিবন্ধন বিভাগ হতে সংগ্রহ করতে হবে। গাইড টিচারের সাথে সকল সময় যোগাযোগ রাখতে হবে। গাইড টিচারও শিক্ষার্থী ও অভিভাবকের সাথে মোবাইল ফোনে যোগাযোগ রাখবেন। প্রতি মাসে গাইড টিচার কর্তৃক আহুত একটি সাধারণ সভায় সকল ছাত্র-ছাত্রীকে উপস্থিত থাকতে হবে।

ন) মেডিকেল সেন্টার

- কলেজের মেডিকেল সেন্টার হতে ছাত্র-ছাত্রীরা সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা সুবিধা পাবেন। তাছাড়া শিক্ষার্থীরা সম্পূর্ণ বিনামূল্যে মেডিকেল সেন্টার হতে তাদের ব্লাড গ্রুপিং করিয়ে নিতে পারবেন। মেডিকেল অফিসারের মোবাইল ফোন নম্বর ০১৭১২-৫০১৪১৫। ব্লাড গ্রুপিং করার জন্য জুনিয়র মেডিকেল অফিসারের সাথে মোবাইল ফোন নম্বর ০১৭২৬-৮৪৩৪৪৪ এ যোগাযোগ করতে পারেন।

প) কলেজ ক্যাম্পাসের মধ্যে কথাবার্তা

- কলেজ ক্যাম্পাসের মধ্যে ছাত্র-ছাত্রীরা তাদের নিজেদের মধ্যে এবং শিক্ষক-কর্মকর্তাদের সাথে ইংরেজিতে কথা বলবেন। ইংরেজিতে অনর্গল কথা বলতে পারায় পারদর্শি ছাত্র-ছাত্রীদের মধ্য হতে প্রত্যেক গাইড টিচার প্রতি মাসে ৩ জন ছাত্র-ছাত্রীর নাম পুরস্কারের জন্য নির্বাচিত করেন। প্রস্তাব যথাযথ হলে প্রতি মাসে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ৫০০/- টাকা করে পুরস্কার দেয়া হয়।

ফ) ওয়েব সাইট

- বিসিএমসি'র সকল তথ্য এবং প্রশাসনিক ও পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বিসিএমসি'র ওয়েব সাইটে পাওয়া যায়। ছাত্র- ছাত্রীদের নিয়মিত ওয়েব সাইট ভিজিটের পরামর্শ দেয়া হচ্ছে। বিসিএমসির ওয়েব সাইটের ঠিকানা www.bcmc.edu.bd

ব) বিসি-এমসি ফ্রি ওয়াই-ফাই সার্ভিস

- কলেজের সকল ক্যাম্পাস কলেজের নিজস্ব ফ্রি ওয়াই-ফাই সার্ভিসের আওতায়। শিক্ষার্থীদের এই সুবিধা পেতে হলে পিএস টু চেয়ারম্যান মো. আব্দুল্লাহ আল মামুন (মোবাইল: ০১৯২৮-৭১১২০৪) অথবা পিএস টু প্রিন্সিপ্যাল মো. মাসুদুর রহমান (মোবাইল: ০১৭২৫-৪৩৬১৩২) এর সাথে যোগাযোগ করে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

ভ) রাস্তা দিয়ে আসা যাওয়া ও পারাপারে সতর্কতা অবলম্বন

- বিভিন্ন কাজে শিক্ষার্থীদের বিভিন্ন ক্যাম্পাসে আসা-যাওয়া করতে কলেজের সম্মুখস্ত ঢাকা রোড ব্যবহার করতে হয়। প্রচুর যানবাহন চলাচলের জন্য এই রোডটি খুবই ঝুঁকিপূর্ণ বিধায় এই রোড দিয়ে আসা-যাওয়া ও পারাপারে শিক্ষার্থীদের সর্বোচ্চ সতর্কতা-অবলম্বন করতে হবে। এ ক্ষেত্রে হাটা-চলার সময় মূল রাস্তা বাদ দিয়ে রাস্তার শোল্ডার ব্যবহার করতে হবে। তাছাড়া রাস্তা অতিক্রমের সময় সতর্কতার সাথে ডানে-বামে দেখে রাস্তা অতিক্রম করতে হবে। রাস্তা দিয়ে সাইকেলে যাতায়তের সময় শিক্ষক-কর্মকর্তাদের দেখলে হঠাৎ করে সাইকেল থামিয়ে নেমে পড়া যাবেনা যা দূর্ঘটনার কারন হতে পারে।

ম) স্থানীয় উচ্ছৃঙ্খল মানুষের সাথে সম্পর্ক সৃষ্টি না করা

- ইতিপূর্বে দেখা গেছে কোন কোন ছাত্রের সাথে স্থানীয় উচ্ছৃঙ্খল মানুষের সম্পর্ক সৃষ্টির ফলে ঐ সকল ছাত্ররা উক্ত উচ্ছৃঙ্খল লোকদের দ্বারাই লাঞ্ছিত হয়েছেন এবং টাকা পয়সা মোবাইল, কম্পিউটার প্রভৃতি মূল্যবান দ্রব্য খুইয়েছেন। এই সকল উচ্ছৃঙ্খল মানুষের সাথে সম্পর্ক সৃষ্টি বিপজ্জনক বিধায় এই জাতীয় সম্পর্ক সৃষ্টির বিষয়ে সতর্ক করা হচ্ছে।

য) ভর্তি বাতিল

- নিম্নোক্ত যে কোন কারনে ভর্তি বাতিল হতে পারে ঃ

১. ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রী ক্লাস শুরুর তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে ক্লাসে যোগদান না করলে।
২. ক্লাস শুরুর ০৭ (সাত) দিনের মধ্যে মূল মার্কশীট জমা না দিলে।

প্রকৌশলী মোঃ আশরাফুল কবির
চেয়ারম্যান

অনুলিপি দেয়া হলো ঃ

১. অধ্যক্ষ
২. সকল শিক্ষক-কর্মকর্তা
৩. সকল নোটিশ বোর্ড
৪. ভর্তিকৃত সকল নতুন ছাত্র-ছাত্রী
৫. বিসিএমসি ওয়েব সাইট www.bcmc.edu.bd